দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ৮

# জমে উঠেছে বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীতে জমে উঠেছে তিন দিনব্যাপী বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা। মেলায় সকাল থেকেই ভিড় করছেন শিক্ষার্থীরা। প্রায় ৮শ' খুদে বিজ্ঞানী তাদের উদ্ভাবিত বিভিন্ন পণ্যের পশরা নিয়ে বসেছেন মেলায়। মেলায় আগত শিক্ষার্থী ছাড়াও বিভিন্ন শিক্ষক ও অভিভাবকরা রয়েছেন। আগত সকলেই খুদে বিজ্ঞানীদের উদ্ভাবনী শক্তির প্রশংসা করছেন। গতকাল শুক্রবার মেলার দ্বিতীয় দিনে এ চিত্র পরিলক্ষিত হয়। আজ শনিবার এ মেলা শেষ হবে। বৃহস্পতিবার বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর- সায়েন্স ল্যাব) প্রাঙ্গণে মেলার উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তির বিকাশের লক্ষ্যে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের এবং স্ব-শিক্ষিত বিজ্ঞানীদের নিয়ে মেলার আয়োজন করে বিসিএসআইআর। মেলা সকাল ১০টা হতে সন্ধ্যা ৭টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত।

উদ্বোধনী অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী বলেন, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তিতে দেশ এগিয়ে যাচ্ছে। দেশে মোবাইল ব্যবহারকারীর সংখ্যা বেড়ে সাড়ে ১২ কোটিতে দাঁড়িয়েছে। বিজ্ঞান শিক্ষা ও চর্চা ছাড়া দেশ এগিয়ে যেতে পারবে না। তাই বিজ্ঞান শিক্ষায় মনোযোগী হওয়ার জন্য শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকসহ সকলের প্রতি তিনি আহবান জানান। বিসিএসআইআর'র চেয়ারম্যান মো. নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক'র ভিসি ড. জামিলুর রেজা চৌধুরী।

আয়োজকরা জানান, মেলায় বিভিন্ন গ্রুপে ৬২টি প্রতিষ্ঠান এবং ১৫টি বিজ্ঞান ক্লাবের ২৬৫টি প্রকল্প প্রদর্শিত হচ্ছে। এতে অংশ গ্রহণ করছে প্রায় ৭৭০জন ক্ষুদে বিজ্ঞানী। মেলায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কয়েকটি অধীনস্থ সংস্থার অংশ গ্রহণসহ বিসিএসআইআর-এর বিজ্ঞানীদের উদ্ভাবিত পণ্যের প্রদর্শন এবং দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নবীন বিজ্ঞানী এবং স্বশিক্ষিত বিজ্ঞানীদের উদ্ভাবন প্রদর্শন করা হচ্ছে। অংশ গ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিযোগীদেরকে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি), মাধ্যমিক (৯ম ও ১০ম শ্রেণি) এবং উচ্চ মাধ্যমিক (একাদশ ও দ্বাদশ শ্রেণি) ৩টি বিভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি বিভাগ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কৃত করা হবে।